

...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.১১৩.১৮-৯০

তারিখ: ১১ ভাদ্র ১৪২৮

২৬ আগস্ট ২০২১

বিষয়: কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার ধরনীবাড়ী লতিফ রাজিয়া ফাজিল মাদ্রাসার পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের রডশীট জবাবের ৫ নং অনুচ্ছেদে বর্ণিত ডিআইএ কর্তৃক আপত্তি বিষয়ে টিএমইডি এর সিদ্ধান্ত বাস্তবায়ন করে এর প্রমাণক টিএমইডি-তে প্রেরণ।

সূত্র: টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.০১.১১৩.১৮-৯৩, তারিখ: ২৫.০৬.২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার ধরনীবাড়ী লতিফ রাজিয়া ফাজিল মাদ্রাসার পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের রডশীট জবাবের ৫ নং অনুচ্ছেদে বর্ণিত ডিআইএ কর্তৃক আপত্তি বিষয়ে টিএমইডি এর সিদ্ধান্ত বাস্তবায়ন করে এর প্রমাণক টিএমইডি-তে প্রেরণের জন্য পত্র প্রেরণ হয়েছিল।

০২. উল্লেখ্য, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক উক্ত মাদ্রাসার শিক্ষকগণের বিরুদ্ধে আনীত আপত্তিটি নিম্নরূপ:

বিএসআর এর ক্র: নং	ডিআইএ এর আপত্তি	প্রতিষ্ঠান প্রধানের জবাব	ডিইও এর জবাব	ডিজি, ডিএমই এর সুপারিশ	টিএমইডি এর নির্দেশনা
১	২	৩	৪	৫	৬

<p>৫</p>	<p>বিগত পরিদর্শন: প্রতিষ্ঠানটি অত্র অধিদপ্তর কর্তৃক বিগত ১৮/০৫/১৯৯৮ তারিখের পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। উক্ত প্রতিবেদনের প্রেক্ষিতে মাউশি অধিদপ্তরের ২০/০৭/১৯৯৯ তারিখের স্মারক- আইএ-৫৭৪বি/৯৮৬৬৩৯/বিশেষ এর নির্দেশ এর প্রেক্ষিতে সহকারী মৌলভী জনাব মো: মজিবুর রহমান এর ১০,১২০/- টাকা, সহকারী মৌলভী জনাব মো: ফজলুল হক এর ১০,১২০/- টাকা, সহশিক্ষক জনাব মো: আজাহার আলী এর ১০,১২০/- টাকা এবং সহশিক্ষক জনাব ইয়াছিন আলী এর ৩৬,৩৫৯/- টাকা ফেরতের কোন তথ্য প্রদান করা হয়নি। তাদের বিষয়ে সুপারিশ বাস্তবায়নের প্রমাণক প্রদর্শন করতে হবে।</p>	<p>গত ২৬/১০/১৫ ইং তারিখের পত্র যাহার স্মারক নং- ডিআইএ/কুড়িগ্রাম/৭৭৮- এম/রাজ:২৩৩২/৬ মোতাবেক জানিতে পারিলাম ২০/০৭/১৯৯৯ ইং তারিখের স্মারক নং ৫৭৪বি/৯৮/৬৬৩৯/বিশেষ এ বাদ দেওয়া চারজন শিক্ষকের নামীয় টাকা পুনরায় ফেরত চাওয়া হয়েছে। এ বিষয়ে মহোদয়ের সমীপে নিবেদন এই যে উক্ত চারজন শিক্ষকের মধ্যে তিনজন শিক্ষক মৃত্যুবরণ করেছেন এবং একজন অবসরে গ্রহণ করেছেন। এমতাবস্থায় তাহাদের টাকা ফেরত প্রদানের বিষয়টি আপনার ক্ষমা দৃষ্টি কামনা করছি।</p>	<p>শর্তটি উত্তোলনের জন্য সুপারিশ করা হলো।</p>	<p>৪ জন শিক্ষকের মধ্যে ৩ জন মৃত্যুবরণ ও ১ জন অবসর গ্রহণ করেছেন। এ বিষয়ে মন্ত্রণালয়ের সিদ্ধান্ত কামনা করা যেতে পারে।</p>	<p>সহকারী মৌলভী জনাব মো: মজিবুর রহমান এর ১০,১২০/- টাকা, সহকারী মৌলভী জনাব মো: ফজলুল হক এর ১০,১২০/- টাকা, সহশিক্ষক জনাব মো: আজাহার আলী এর ১০,১২০/- টাকা এবং সহশিক্ষক জনাব ইয়াছিন আলী এর ৩৬,৩৫৯/- টাকা ফেরত দেয়ার সুপারিশ বাস্তবায়ন হয়নি। উপর্যুক্ত শিক্ষকের মধ্যে যে ০৩ জন শিক্ষক মৃত্যুবরণ করেছেন তাঁদের মৃত্যু সনদের সত্যায়িত কপি, উক্ত পরিমান টাকা ফেরত প্রদানের জন্য তাঁদের বৈধ ওয়ারিশদেরকে পত্র প্রেরণ এবং যিনি অবসরে গেছেন তাঁর টাকাও সরকারি কোষাগারে জমা প্রদান করে প্রমাণক আগামী ২৫.১০.২০২১ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য ডিজি, ডিএমই- কে অনুরোধ করা যেতে পারে।</p>
----------	--	--	---	---	---

০৩. সূত্রোস্থ পত্রটি ডিজি, ডিএমই এর বরাবর প্রেরণ করা হলেও (দীর্ঘ সময় অতিক্রান্ত হওয়া সত্ত্বেও) নির্দেশনা মতে কোন

প্রমাণক অদ্যাবধি টিএমইডিতে পাওয়া যায়নি যা সুস্পষ্টভাবে সরকারি নির্দেশনা অমান্যের সামিল।

০৪. বর্ণিতাবস্থায়, উপরিউক্ত ছকে বর্ণিত ০৬ নং কলামের নির্দেশনা বাস্তবায়নক্রমে প্রমাণক আগামী ২৫.১০.২০২১ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য ডিজি, ডিএমই-কে ২য় বারের মতো নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৬-৮-২০২১

নূরজাহান বেগম

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ
গার্লস গাইড এসোসিয়েশন, গাইড হাউজ, ৭ম ও ১০ম
তলা, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.১১৩.১৮-৯০/১(৮)

তারিখ: ১১ ভাদ্র ১৪২৮

২৬ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, ধরনীবাড়ী লতিফ রাজিয়া ফাজিল মাদ্রাসা, উলিপুর, কুড়িগ্রাম।
- ৪) অধ্যক্ষ, ধরনীবাড়ী লতিফ রাজিয়া ফাজিল মাদ্রাসা, উলিপুর, কুড়িগ্রাম।
- ৫) অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) উপ-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮) অফিস কপি, মাষ্টার কপি।



২৬-৮-২০২১

নূরজাহান বেগম

সিনিয়র সহকারী সচিব